

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৭- ৭০০

তারিখঃ ০৬ মে ২০১৯ খ্রিস্টাব্দ  
২৩ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

নোটিশ

প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ২৯/০৪/২০১৯খ্রিঃ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদ এবং শূন্য পদ পূরণের লক্ষ্যে গৃহীত কার্যক্রম সম্পর্কে সভা অনুষ্ঠিত হয়। প্রয়োজনীয় তথ্যের অভাবে স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ সকল দপ্তর/সংস্থার শূন্য পদ পূরণ সংক্রান্ত সকল তথ্যাদি এবং গৃহীত কার্যক্রম উক্ত সভায় উপস্থাপন করা সম্ভব হয়নি, বিধায় এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদ এবং শূন্য পদ পূরণের লক্ষ্যে গৃহীত কার্যক্রম সম্পর্কে পর্যালোচনার জন্য আগামী ০৯/০৫/২০১৯খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০টায় অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষে (ভবন নং-৩, ৪র্থ তলা, কক্ষ নং-৩৩৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল-কে শূন্য পদ (পদোন্নতিযোগ্য শূন্য এবং সরাসরি পূরণযোগ্য শূন্য পদের তথ্যাদি) এবং শূন্য পদ পূরণের লক্ষ্যে গৃহীত কার্যক্রম সম্পর্কে সকল তথ্যাদিসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সেই সঙ্গে তথ্যাদির ১ প্রস্থ এ বিভাগের প্রশাসন-১ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।



(শাহিনা খাতুন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

[sasadmin1@mohfw.gov.bd](mailto:sasadmin1@mohfw.gov.bd)

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [(দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)] (তাকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের লক্ষ্যে ক্যাডার ও নন-ক্যাডার পদসহ সকল ক্যাটাগরি পদের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদের তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল)।
- ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। উপসচিব (নিরাপত্তা-২), জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উল্লিখিত সভায় যোগদানের জন্য বর্ণিত কর্মকর্তাদের সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব(প্রশাসন অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সভা সমন্বয়কারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (১৫ জনের আপ্যায়নের অনুরোধসহ)।